রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন :(০৭১)৭৪৯০৪ অফিস, (০৭১) ৬২৩৫০ বাসা
পিএবিএক্স:৭৪৯১০-৭৪৯২০/২২০৬ (অফিস)
ফ্যাক্স: ৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল: registrar@iu.ac.bd

Office of the Registrar
Islamic University, Bangladesh
Kushtia-7003
Phone :(071)74904 Off. (071) 62350 Res.
PABX: 74910-74920/2206 (Off.)
Fax : 88-071-74905, E-mail:registrar@iu.ac.bd

নং : ০২/শিক্ষা/ইবি-২০২৫/১০৫৯ তারিখ: ১৫.০৩.২০২৫

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে D-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভূক্ত তিনটি বিভাগ যথা- (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ (২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ এবং কলা অনুষদভুক্ত একটি বিভাগ যথা- (১) আরবী ভাষা ও সাহিত্য বিভাগসমূহের সমন্বয়ে গঠিত D-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত পন্থা যথাযথভাবে অনুসরণ করে আবেদন করতে হবে।

১. **আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা:** ভর্তিচ্ছু আবেদনকারীকে অবশ্যই ২০২৩ অথবা ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক/সমমান এবং ২০২০, ২০২১ অথবা ২০২২ সনে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত শর্ত পূরণ করা সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করা যাবে।

২. **আবেদন করার পদ্ধতি:** বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত এবং ওয়েবসাইটে প্রদর্শিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।

৩. **আবেদন করার সময়সীমা: আগামী ১৬/০৩/২০২৫ খ্রি. দুপুর ১২.০১ মিনিট থেকে ২৮/০৩/২০২৫ খ্রি. রাত ১১:৫৯** মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। এই সময়ে ওয়েবসাইটে নির্দেশিত পন্থা অনুসরণ করে প্রাথমিক আবেদন 'ফি' বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মোবাইল/অনলাইন ব্যাকিং (বিকাশ/ নগদ/ রকেট) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

৪. **ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য:**

(ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল D-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **ভর্তি পরীক্ষা আগামী ১১/০৫/২০২৫ ইং তারিখ রবিবার** বেলা **১১:০০ টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।** ভর্তি পরীক্ষার প্রবেশপত্র গ্রহণের তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ বিজ্ঞপ্তি প্রকাশসহ এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

(খ) মোট ৮০ নম্বরের (এমসিকিউ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এমসিকিউ পরীক্ষায় **প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।**

৫. ভর্তি পরীক্ষার ফলাফল, চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময়সীমা এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

৬। ইসলামী বিশ্ববিদ্যলয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে উপরোক্ত ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

M. Haque
15/03/25
(অধ্যাপক ড. মোঃ মনজুরুল হক)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

CS CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন :(০৭১)৭৪৯০৪ অফিস, (০৭১) ৬২৩৫০ বাসা
পিএবিএক্স:৭৪৯১০-৭৪৯২০/২২০৬ (অফিস)
ফ্যাক্স: ৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল: registrar@iu.ac.bd

Office of the Registrar
Islamic University, Bangladesh
Kushtia-7003
Phone :(071)74904 Off. (071) 62350 Res.
PABX: 74910-74920/2206 (Off.)
Fax : 88-071-74905, E-mail:registrar@iu.ac.bd

নং: ০২/শিক্ষা/ভর্তি-২০২৫/১০৫৭ তারিখ: ১৪.০৩.২০২৫

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে D-ইউনিটে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ভর্তি নির্দেশিকা

**১। ভর্তি পরীক্ষার ইউনিট ও বিভাগসমূহের তথ্যাবলি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত তিনটি বিভাগ যথা- (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ (২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং কলা অনুষদভুক্ত একটি বিভাগ যথা- (১) আরবী ভাষা ও সাহিত্য বিভাগের সমন্বয়ে গঠিত D-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে কোটা ব্যতিত নিম্নোক্ত আসনসমূহের বিপরীতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে-

| ইউনিট কোড | অনুষদ | বিভাগের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| D | থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ | (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| | | (২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| | | (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| | কলা অনুষদ | (৪) আরবী ভাষা ও সাহিত্য | ৮০ |

**২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা**

যে সকল ছাত্র-ছাত্রী ২০২৩ সন অথবা ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের এবং ২০২০, ২০২১ অথবা ২০২২ সনে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং নিম্নবর্ণিত যোগ্যতা আছে কেবল মাত্র তারাই উপরোক্ত ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে-

| ইউনিট | উচ্চ মাধ্যমিক/সমমান শ্রেণির শিক্ষা শাখা/ধারা | মাধ্যমিক/সমমান পরীক্ষার ন্যূনতম জি.পি.এ (৪র্থ বিষয়সহ) | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ন্যূনতম জি.পি.এ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষার ন্যূনতম জি.পি.এ (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| D | মানবিক | ৩.০০ | ৩.০০ | ৬.০০ |
| | ব্যবসায় শিক্ষা | ৩.০০ | ৩.০০ | ৬.৫০ |
| | বিজ্ঞান | ৩.৫০ | ৩.৫০ | ৮.০০ |
| | কারিগরি শিক্ষা | ৩.২৫ | ৩.২৫ | ৬.৭৫ |

**বিঃদ্রঃ** জিসিই (General Certificate of Education) ও লেভেল (Ordinary Level) পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে এবং এ লেভেল (Advanced Level) পরীক্ষায় ২ টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় লেভেলের ৭ টি বিষয়ের মধ্যে ৪ টি বিষয়ে কমপক্ষে বি গ্রেড ও ৩ টি বিষয়ে সি গ্রেড থাকতে হবে।

**৩। ভর্তির জন্য আবেদনের সময়সীমা:** ১৬/০৩/২০২৫ খ্রি. দুপুর ১২:০১ মিনিট হতে ২৮/০৩/২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা পর্যন্ত।

**৪। আবেদনের প্রক্রিয়া:** ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদনকারীকে অনলাইনে ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে। ধাপসমূহ নিম্নরূপ-

(ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission- এ প্রদত্ত লিংক অনুসরণ করে আবেদন প্রক্রিয়া শুরু করতে হবে। প্রথমে আবেদনকারীর নিজের মোবাইল ফোন নাম্বার নির্ধারিত স্থানে প্রদান করে Verify বাটনে ক্লিক করলে ওই নম্বরে একটি OTP প্রেরণ করা হবে, যা পুনরায় নির্ধারিত স্থানে প্রদান করে Verify OTP বাটনে ক্লিক করতে হবে। মোবাইল নম্বর যাচাইয়ের পরে আগত ওয়েবপেজে আবেদনকারীর নিজের নামসহ পিতা ও মাতার নাম এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমকি/সমমান পরীক্ষার তথ্যসহ

M. Hoque
15/03/25

CS CamScanner

নির্ধারিত মাপের (300 × 300 Pixel) ছবি আপলোড করে Submit বাটনে ক্লিক করতে হবে। এর পরে আগত ওয়েবপেজে আবেদনকারী কর্তৃক আগের পেজে প্রদত্ত তথ্যসমূহ দেখানো হবে। কোনো ভুল থাকলে Back বাটনে ক্লিক করে আগের পেজে ফিরে গিয়ে সংশোধন করতে হবে। অন্যথায় Next বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী পেজে আবেদন ফি পরিশোধের জন্য Pay Now অথবা Download Bill Form বাটনে ক্লিক করতে হবে। Pay Now বাটনে ক্লিক করলে আগত পেজে নির্দেশিত মোবাইল/অনলাইন ব্যাংকিং (বিকাশ/নগদ/রকেট) এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে সার্ভিস চার্জসহ আবেদন ফি প্রদান করা যাবে। অন্যথায় Download Bill Form বাটন ক্লিক করে ডাউনলোডকৃত বিল ফরমে প্রদত্ত তথ্য ব্যবহার করে আবেদনের সময়সীমার মধ্যে পরবর্তী কোনো সময়ে ফি পরিশোধ করা যাবে। আবেদন ফি পরিশোধ করলেই কেবল আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে। আবেদনকারীর মোবাইল নম্বর এবং সেই নম্বরে আবেদন প্রক্রিয়ার সময় প্রাপ্ত পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে লগ-ইন করে আবেদনের বর্তমান অবস্থা দেখা যাবে। উল্লেখ্য, আবেদনের জন্য ব্যবহৃত মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড খুবই গুরুত্বপূর্ণ, বিধায় ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত আবেদনকারীকে নিজ দায়িত্বে সেগুলি সংরক্ষণ করতে হবে।

(খ) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর কানসহ পূর্ণাঙ্গ মুখমণ্ডল দেখা যায় এমন সাম্প্রতিক সময়ে তোলা রঙ্গিন ছবি আপলোড করতে হবে।

(গ) আবেদনের সময় সঠিক তথ্য প্রদান না করলে আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে এবং আবেদন ফি প্রত্যাহার করার সুযোগ থাকবে না।

(ঘ) আবেদনকারী তার মাধ্যমিক/সমমান অথবা উচ্চ মাধ্যমিক/সমমান ফলাফলে নাম বা অন্যান্য কোন তথ্য সংক্রান্ত ত্রুটির কারণে আবেদন করতে ব্যর্থ হলে প্রার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে যোগাযোগ করে সংশোধনপূর্বক আবেদন করতে হবে। এ সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয়টি ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত নয়।

(ঙ) আবেদন প্রক্রিয়ায় কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট ওয়েবসাইট-এ প্রদত্ত অভিযোগ বাক্সের মাধ্যমে জানাতে হবে।

(চ) একটি মোবাইল নম্বর ব্যবহার করে কেবলমাত্র একজন ভর্তিচ্ছু পরীক্ষার্থী আবেদন করতে পারবে।

(ছ) অনলাইনে সম্মতি জানিয়ে ভর্তির আবেদন ও আবেদন ফি (টাকা) পাঠালে তা আর প্রত্যাহার করা যাবে না।

(জ) নির্ধারিত সময়সীমার মধ্যে যে কোন সময়ে অনলাইনে আবেদন করা যাবে।

**৫। প্রবেশপত্র ডাউনলোড:** পরবর্তীতে http://www.iu.ac.bd/admission ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

**৬। ভর্তি পরীক্ষা হলে যা আনতে হবে**

(ক) ডাউনলোডকৃত প্রবেশপত্রের রঙ্গিন (প্রিন্ট) ২(দুই) কপি। উভয় কপি পরীক্ষার হলে দায়িত্বরত পরিদর্শক সত্যায়িত করবেন। ১ কপি ইউনিট সংরক্ষণ করবে এবং অপর কপিটি পরীক্ষার্থী সংরক্ষণ করবে।

(খ) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র ।

**৭। ভর্তি পরীক্ষার নম্বর নির্ধারণ**

ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর/স্কোর ৪০+৮০=১২০ (একশত বিশ)। যা নিম্নরূপ দুটি ভাগে বিভক্ত-

(ক) জিপিএ স্কোর ৪০: মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার জিপিএ এর ভিত্তিতে (মাধ্যমিক/সমান পরীক্ষার সর্বোচ্চ জিপিএ ৫.০০ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সর্বোচ্চ জিপিএ ৫.০০ মোট ১০ এর ৪ গুণ) সর্বোচ্চ স্কোর ৪০.০০। যেমন কোন প্রর্থীর যদি মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৪.৫ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৫.০০ হয় তাহলে তার জিপিএ স্কোর হবে (৪.৫০+৫.০০) x ৪=৩৮.০০। কোন পরীক্ষার্থী যদি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ করে পায় তাহলে তার জিপিএ স্কোর হবে (৫.০০+৫.০০) x ৪=৪০.০০।

(খ) MCQ নম্বর/স্কোর ৮০: ভর্তি পরীক্ষায় সাধারণত উচ্চ মাধ্যমিক/সমমান শ্রেণীর পঠ্যক্রম অনুযায়ী ৮০ নম্বরের MCQ প্রশ্ন থাকবে যেগুলোর উত্তর OMR sheet এ সঠিক বৃত্ত ভরাট করে প্রদান করতে হবে। MCQ **পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

M. Haque
15/03/25

CamScanner

৮। ইউনিটভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য আরোপিত শর্ত এবং বিষয়ভিত্তিক নম্বর/স্কোর বিন্যাস

| বিভাগের নাম | বিভাগ কর্তৃক আরোপিত শর্ত | বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের নম্বর বিন্যাস | |
|---|---|---|---|
| (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ<br>(২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ<br>(৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ<br>(৪) আরবী ভাষা ও সাহিত্য | বিশেষ কোন শর্ত নেই | ১। আল-কুরআন ১৫<br>২। আল-হাদীস ১৫<br>৩। আরবী ১০<br>৪। দা'ওয়াহ ১০<br>৫। ইসলামের ইতিহাস ০৫ | ৬। ইসলামী শিক্ষা ০৫<br>৭। আল-ফিক্‌হ ০৫<br>৮। বাংলা ০৫<br>৯। ইংরেজী ০৫<br>১০। সাধারণ জ্ঞান ০৫ |
| | | এর ভিত্তিতে ৮০ নম্বরের MCQ প্রশ্ন থাকবে। | |

বি.দ্রঃ (ক) প্রয়োজনে বাংলা, ইংরেজি এবং আরবী ভাষায় প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

**৯। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য**

(ক) **ভর্তি পরীক্ষা আগামী ১১/০৫/২০২৫ ইং তারিখ রবিবার বেলা ১১:০০ টা হতে দুপুর ১২:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।** ভর্তি পরীক্ষার সময়কাল ১ ঘন্টা।

(খ) ভর্তি পরীক্ষার স্থান, আসন বিন্যাস ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission থেকে অথবা সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

**১০। কোটায় ভর্তি সংক্রান্ত তথ্যসমূহ:** পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

**১১। মেধাক্রম নির্ধারণ ও ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি**

(ক) ৮০ নম্বরের (MCQ) ভর্তি পরীক্ষার পাস নম্বর ৩০%।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোরের সাথে মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ স্কোর (এই ভর্তি নির্দেশিকার ক্রমিক ৭ অনুসারে) যোগ করে মেধা ও অপেক্ষমান মেধা তালিকা প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার রোল নম্বর ও প্রাপ্ত মোট স্কোর উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রচার করা হবে। একাধিক প্রার্থী একই স্কোর প্রাপ্ত হলে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বেশি জিপিএ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। এ ক্ষেত্রেও সমান স্কোর হলে অগ্রাধিকার প্রদানের সিদ্ধান্ত সংশ্লিষ্ট ইউনিট কমিটি গ্রহণ করবেন।

(গ) মেধা তালিকার ভিত্তিতে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ এবং মেধা তালিকা হতে ভর্তির জন্য সাক্ষাৎকারের সময়সূচি ইউনিট নির্ধারণ করবে।

(ঘ) সাক্ষাৎকার যথাযথভাবে সম্পন্ন হলে ইউনিট কমিটি নির্বাচিত বিভাগে ভর্তির সুপারিশ করে সিলেকশন ফরম প্রদান করবেন।

(ঙ) কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সাক্ষাৎকার (মেধা, অপেক্ষমান মেধা এবং বিভাগ পরিবর্তন) গ্রহণ এবং চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সময়সীমা পরবর্তীতে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে। ইউনিট কমিটি এই সময়সীমার মধ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য তারিখ নির্ধারণ করে দেবেন এবং প্রার্থীগণকে তা যথাযথভাব মেনে চলতে হবে। অন্যথায় তাদের চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া বাতিল করা হবে।

**১২। আবাসিক হল এবং সম্পৃক্ততা**

(ক) ছাত্রদের জন্য ৫ টি এবং ছাত্রীদের জন্য ৩ টি আবাসিক হল আছে। ছাত্রদের জন্য শাহ আজিজুর রহমান হল, সাদ্দাম হোসেন হল, শহীদ জিয়াউর রহমান হল, লালন শাহ হল ও শহীদ আনাস হল এবং ছাত্রীদের জন্য উম্মুল মু'মিনীন আয়েশা সিদ্দিকা হল, জুলাই-৩৬ হল ও খালেদা জিয়া হল।

(খ) প্রতিটি ছাত্র/ছাত্রীকে ইউনিট কমিটি কর্তৃক নির্ধারিত আবাসিক হলের সাথে সম্পৃক্ত থাকতে হবে।

(গ) আবাসিক এবং অনাবাসিক দু'ভাবেই ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। আবাসিক হলসমূহে প্রয়োজনীয় সিট সংখ্যা প্রাপ্যতা সাপেক্ষে এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রণিত নীতিমালার ভিত্তিতে আবাসিক হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট বরাদ্দ করা হবে।

**১৩। চূড়ান্ত ভর্তি ও আনুষঙ্গিক ফি জমাদানের পদ্ধতি**

(ক) ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীকে সংশ্লিষ্ট বিভাগে ইউনিট কর্তৃক প্রদত্ত সিলেকশন ফরম জমা দিয়ে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

M. Haque
15/03/25

CamScanner

(খ) সঠিকভাবে উক্ত ভর্তির আবেদন ফরম পূরণ করে তার সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, মূল সনদপত্রসমূহ (মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্র) এবং উক্ত পত্রসমূহের সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট বিভাগের প্রযোজ্য ফি জমাদান সাপেক্ষে বিভাগের দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

(গ) সংশ্লিষ্ট বিভাগের সভাপতি প্রয়োজনীয় মূল সনদপত্র সমূহ পরীক্ষা করে এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে সংযোজিত ছবির সাথে ভর্তির মূল আবেদনপত্রে সংযুক্ত ছবি, প্রার্থীর চেহারা ও স্বাক্ষর মিলিয়ে সত্যতা নিশ্চিত হয়ে মূল ভর্তি ফরমে স্বাক্ষর করবেন।

(ঘ) মূল ভর্তি ফরমে সংশ্লিষ্ট বিভাগের সভাপতির স্বাক্ষরের পর ইউনিট কমিটি কর্তৃক নির্ধারিত সংযুক্ত হল প্রাধ্যক্ষের সুপারিশ এবং সংশ্লিষ্ট অনুষদের ডিন-এর সুপারিশ নিয়ে উক্ত ফরমটি একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(ঙ) একাডেমিক শাখা ভর্তি সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যাদি (সনদপত্রসমূহ যাচাই, পে-ইন স্লিপ প্রদান ইত্যাদি) সম্পন্ন করে ছাত্র-ছাত্রীদের নামের তালিকা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করবে এবং উক্ত তালিকার কপি একাডেমিক শাখার নোটিশ বোর্ডেও প্রদর্শন করা হবে। উক্ত ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(চ) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর ভর্তির অধিকার বাতিল বলে গণ্য হবে।

(ছ) কোন ছাত্র-ছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে কোন একটি বিভাগে ভর্তি হবার পর পরবর্তীতে অন্য কোন বিভাগে ভর্তির সুযোগ পেলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির মাধ্যমে ৫০০/= (পাঁচশত) টাকা অগ্রণী ব্যাংক, ইবি শাখায় জমা দেওয়ার রশিদসহ পূর্বে ভর্তি বাতিলের আবেদন উপ-রেজিস্ট্রার (শিক্ষা) বরাবর দাখিল করতে হবে। উক্ত ভর্তি বাতিলের অনুমতি প্রাপ্তির পর ভর্তি প্রক্রিয়াসমূহ যথাযথভাবে অনুসরন করে নতুন বিভাগে ভর্তি হতে হবে। এক্ষেত্রে পূর্বে প্রদানকৃত ভর্তি ও আনুষাঙ্গিক ফি পরের ভর্তি ও আনুষাঙ্গিক ফি-এর সাথে সমন্বয় করা হবে।

(জ) ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ভর্তি তার যে কোন ত্রুটির কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাতিল করলে অথবা স্বেচ্ছায় কোন প্রার্থী তার ভর্তি বাতিল করলে উক্ত ছাত্র/ছাত্রীর প্রদেয় ফিসমূহ তাকে ফেরত দেয়া হবে না।

**১৪। শিক্ষার মাধ্যম:** অধীত বিষয়/বিভাগ অনুযায়ী শিক্ষার মাধ্যম বাংলা/ইংরেজী/আরবী হবে।

**১৫। ক্লাশ শুরু:** পরবর্তীতে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ১ম বর্ষ ১ম সেমিস্টারের ক্লাশ শুরুর তারিখ জানানো হবে।

**১৬। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ জ্ঞাতব্য ঃ**

(ক) এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদভূক্ত বিভাগসমূহের শিক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট অনুষদের একাডেমিক অর্ডিন্যান্স দ্বারা এবং পরীক্ষাসমূহ এই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(খ) এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আচরণ সংশ্লিষ্ট বিধি-বিধান দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে পরবর্তীতে যে কোন সময় ভর্তিসংক্রান্ত যে কোন তথ্য (যেমন-সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্র, প্রমাণপত্র ইত্যাদি) মিথ্যা/জাল প্রমাণিত হলে তার ভর্তি তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

এছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীগণ সংশ্লিষ্ট ইউনিট, বিভাগ অথবা উপ-রেজিস্ট্রার (শিক্ষা)- এর অফিস থেকে জেনে নিতে পারবে।

M. Haque
15/03/25
(অধ্যাপক ড. মোঃ মনজুরুল হক)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

CS CamScanner